ই - সংবাদ

জাতীয় তামাক নিয়ন্ত্রণ কর্মসূচি ঃ সভা অনুষ্ঠিত

আগরতলা, ১২ এপ্রিল ।। পশ্চিম জেলার জেলা শাসক কার্যালয়ের সভাগৃহে গতকাল জাতীয় তামাক নিয়ন্ত্রণ কর্মসূচির বিষয়ে জেলা ভিত্তিক সমন্বয় কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সদর মহকুমা শাসক ড. সমিত রায় চৌধুরী, মোহনপুর মহকুমা শাসক জয়ন্ত দেববর্মা, আরক্ষা প্রশাসনের পরিদর্শক অশোক পাল, ডাঃ কেশব চক্রবর্তী ছাড়াও শিক্ষা, শ্রম, স্বাস্থ্য, বিক্রয়কর দপ্তরের আধিকারিকগণ সহ বিভিন্ন মহাবিদ্যালয়ের অধ্যাপক, অধ্যাপিকাগণ ও স্বেচ্ছাসেবী সংস্থার প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। আলোচনার সূচনা করে পশ্চিম জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাঃ গৌতম দেবনাথ জানান, পশ্চিম জেলায় তামাক বিধি নিয়ন্ত্রণ বিষয়ে গত বছরের ১ এপ্রিল থেকে ২০১৬-১৭ অর্থবছরের মার্চ পর্যন্ত ৮১টি বিদ্যালয়ে সচেতনতামূলক শিবির সংগঠিত করা হয়েছে। এ উপলক্ষ্যে র‍্যালী, প্রশিক্ষণ শিবির ছাড়াও জেলা ও ব্লক ভিত্তিক কো-অর্ডিনেশন কমিটির সভা করা হয়। জেলার বিভিন্ন বাজারে ১৪টি মতবিনিময় সভা করা হয়। নো স্মোকিং ডে পালন করা হয় গত ৮ মার্চ। সভায় জিরানীয়া মহকুমা শাসক কার্যালয়ের ডি সি এম ত্রিদিব সরকার আলোচনায় অংশ নিয়ে মহকুমায় তামাক নিয়ন্ত্রণ বিধি কার্যকরে বিভিন্ন পদক্ষেপের কথা তুলে ধরেন। বিভিন্ন দপ্তরের আধিকারিকগণও এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উপর গুরুত্বারোপ করেন।

গজারিয়া জোন ভিত্তিক গ্রামীণ ক্রীড়া অনুষ্ঠিত

বিশ্রামগঞ্জ, ১২ এপ্রিল ।। খেলাধূলার মাধ্যমে সুস্থ শরীর গঠনের পাশাপাশি সুস্থ মনেরও বিকাশ হয়। তাতে সবার মধ্যে সংহতি চেতনাও গড়ে উঠে। বিশালগড় ব্লকের গজারিয়া জোন ভিত্তিক গ্রামীণ ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন করে সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি ফকরউদ্দিন আহমেদ একথা বলেন। গজারিয়া উচ্চ বিদ্যালয় মাঠে সম্প্রতি আয়োজিত এই প্রতিযোগিতায় কে কে নগর, প্রভুরামপুর ও গজারিয়া গ্রাম পঞ্চায়েত থেকে ২৩০ জন ক্রীড়াবিদ বিভিন্ন ইভেন্টে অংশ নেন। প্রতিযোগিতায় পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান দীপু পাল, বি ডি ও রতন ভৌমিক প্রমুখ উপস্থিত ছিলেন।

উত্তর চাম্পামুড়ায় গ্রামীণ ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত

জিরানীয়া, ১২ এপ্রিল ।। যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে এবং উত্তর চাম্পামুড়া পঞ্চায়েতের সহযোগিতায় গত ১০ এপ্রিল পুরাতন আগরতলা প্লে সেন্টার মাঠে উত্তর চাম্পামুড়া পঞ্চায়েত ভিত্তিক গ্রামীণ ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এর উদ্বোধন করেন পুরাতন আগরতলা পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান নীহার রঞ্জন শূর। সভাপতিত্ব করেন সংশ্লিষ্ট পঞ্চায়েতের প্রধান সুভাষ রঞ্জন চক্রবর্তী। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সবিতা দাস, ব্লকের বি ডি ও সহ বিশিষ্ট ব্যক্তিবর্গ। অনূর্ধ্ব ১১ বছর ছেলে-মেয়েদের মধ্যে কক ফাইট, ১৭ বছর উর্ধ্বের মহিলা ও পুরুষদের টেনিস বল নিক্ষেপ, মহিলাদের পাতিল ভাঙ্গা এবং মিউজিক্যাল বল ইত্যাদি অনুষ্ঠিত হয়। অনুষ্ঠান শেষে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়।

গৌরনগরে জৈব চাষ বিষয়ে প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত

কৈলাসহর, ১২ এপ্রিল ।। গৌরনগর কৃষি মহকুমা কার্যালয়ের সভাকক্ষে জৈব চাষ বিষয়ক এক প্রশিক্ষণ শিবির গতকাল অনুষ্ঠিত হয়। এই শিবিরের উদ্যোক্তা রাজ্য কৃষি গবেষণা কেন্দ্র ও বায়োসার্ট ইন্টারনেশন্যাল প্রাইভেট লিমিটেড, ইন্দোর(মধ্যপ্রদেশ)। শিবিরে জৈব চাষ বিষয়ে আলোচনায় অংশ নিয়ে রাজ্য কৃষি গবেষণা কেন্দ্রের উপ অধিকর্তা সঞ্জীব সাহা বিজ্ঞান ভিত্তিক ফসল উৎপাদনে গুরুত্বারোপ করেন। সেই সাথে তিনি মাটির নমুনা পরীক্ষা, মাটির স্বাস্থ্য রক্ষা, জৈবসার ব্যবহার ও ভূমিক্ষয় রোধের উপর বিস্তৃত আলোচনা করেন। বায়োসার্ট ইন্টারনেশন্যাল প্রাইভেট লিমিটেডের ম্যানেজার বিনোদ এম বলেন, ঊনকোটি জেলায় জৈবচাষে চারটি ক্লাস্টার রয়েছে। দুইটি করে রয়েছে চন্ডীপুর ও পেঁচারথল ব্লকে। প্রতিটি ক্লাস্টারে ৫০ একর জমি নেওয়া হয়েছে। সেই সঙ্গে প্রতি ক্লাস্টারে ৫০ জন কৃষক ও ১ জন লীড রিসোর্স পার্সনকে যুক্ত করা হয়েছে। গত ২০১৬-১৭ অর্থবছর থেকে রেজিস্ট্রেশন করে প্রতিটি ক্লাস্টারে কাজ শুরু হয়েছে। ৩ বৎসর প্রতিটি ক্লাস্টারে কাজ চলবে। এরপরে এই কৃষকদের জৈবচাষী হিসাবে শংসাপত্র দেওয়া হবে। শিবিরে ঊনকোটি জেলার চন্ডীপুর ও পেঁচারথল ব্লকের ৪০ জন জৈবচাষী অংশ নেন।

ভুরাতলীতে বিসিকৌতাল মেলা ১৫ ও ১৬ এপ্রিল

রূপাইছড়ি, ১২ এপ্রিল ।। সাতচাঁদ ব্লক ও মেলা কমিটির যৌথ উদ্যোগে সাব্রুমের ভুরাতলীর কালীবাজার মন্দির প্রাঙ্গণে আগামী ১৫ ও ১৬ এপ্রিল অনুষ্ঠিত হবে বিসিকৌতাল মেলা। এই মেলানুষ্ঠানের উদ্বোধন করবেন বিধায়ক বাসুদেব মজুমদার। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি হিমাংশু রায়, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন এম ডি সি সাথই মগ, জিলা পরিষদের সহকারী সভাধিপতি নরেশ পাটারী, জেলা শাসক সি কে জমাতিয়া, পুলিশ সুপার তপন দেববর্মা। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন সাতচাঁদ পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান মনিকা দাস, পোয়াংবাড়ী পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান বাবুল সেন, সাতচাঁদ কৃষি বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি হেমেন্দ্র দেবনাথ প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন সাতচাঁদ বি এ সি-র চেয়ারম্যান এম ডি সি অরুণ ত্রিপুরা। দুই দিন ব্যাপী এই মেলানুষ্ঠানে রাজ্যের বিশিষ্ট শিল্পীদের দ্বারা পরিবেশিত হবে সাংস্কৃতিক অনুষ্ঠান।

This document was created using Smart PDF Converter. To remove this message purchase the product at www.SmartPDFCreator.com

কেন্দ্রীয় ভর্তুকী প্রত্যাহারের ফলে গণবন্টন ব্যবস্থায় বন্ধ হয়ে যাচ্ছে চিনি সরবরাহ

আগরতলা, ১১ এপ্রিল ।। বিগত ২০১৩ সালের জুন মাস থেকে কেন্দ্রীয় সরকার কর্তৃক এফ সি আই-এর মাধ্যমে চিনি সরবরাহ করার দীর্ঘ প্রচলিত পদ্ধতি রদ করে গণবন্টন ব্যবস্থার আওতায় চিনি সরবরাহ করার জন্য খোলা বাজার থেকে দরপত্র আহ্বানের মাধ্যমে চিনি সংগ্রহের প্রক্রিয়া শুরু করতে রাজ্য সরকারগুলোর প্রতি নির্দেশিকা জারি করা হয়। তদানুসারে আমাদের রাজ্যেও ২০১৩ সালের সেপ্টেম্বর মাস থেকে দরপত্র আহ্বানের মাধ্যমে চিনি সংগ্রহ করে গণবন্টন ব্যবস্থার মাধ্যমে বিতরণ করা হচ্ছে। পাশাপাশি এই নতুন পদ্ধতি শুরু হওয়ার পর থেকে ২০১৫ সালের জুন মাস অবধি কেন্দ্রীয় সরকার কর্তৃক নির্ধারিত বিক্রয়মূল্য কেজি প্রতি ১৩.৫০ টাকা দামে চিনি সরবরাহ করতে হয় । যার ফলে কেন্দ্রীয় সরকার কর্তৃক কেজি প্রতি ১৮.৫০ হারে ভর্তুকী দেওয়া স্বত্ত্বেও চিনি সরবরাহের জন্য প্রয়োজনীয় ব্যয় বরাদ্দের জন্য (পরিবহণ ব্যয় ও ডিলার কমিশন সহ) রাজ্য সরকারের পক্ষ থেকেও ২০১৩-১৪ অর্থবর্ষে ৪.৩৫ কোটি টাকা, ২০১৪-১৫ অর্থবর্ষে ৭.৩৪ কোটি টাকা এবং ২০১৫-১৬ অর্থবর্ষে (এপ্রিল-জুন) ১.৮৬ কোটি টাকা ভর্তুকী হিসাবে ব্যয় করা হয়েছে । ২০১৫ সালের জুলাই মাস থেকে কেন্দ্রীয় সরকার কর্তৃক রাজ্য সরকারগুলোকে চিনি সংগ্রহ এবং আনুষঙ্গিক পরিবহণ, ডিলার কমিশন বাবদ মোট খরচের ভিত্তিতে চিনির বিক্রয়মূল্য স্থির করার অধিকার দেওয়া হয়েছিল । তারপর থেকে কেজি প্রতি ১৮.৫০ টাকা হারে রাজ্যের মাসিক বরাদ্দ ২০৪৭ মে.টন এর ভিত্তিতে কেন্দ্রীয় ভর্তুকীর পরিমানের সঙ্গে সাযুজ্য রেখে না লাভ না ক্ষতির ভিত্তিতে জনসাধারণের জন্য চিনি সরবরাহ করা হচ্ছে, বর্তমান যা কেজি প্রতি ২৬.০০ টাকা দামে জনসাধারণ রেশন দোকান থেকে সংগ্রহ করছেন ।

কেন্দ্রীয় সরকারের ২০১৭-১৮ সালের জাতীয় বাজেট ঘোষণায় বর্তমান অর্থ বছরে চিনি সরবরাহ বাবদ প্রয়োজনীয় ভর্তুকীর কোন সংস্থান রাখা হয়নি এবং কেন্দ্রীয় সরকার কর্তৃক এখনও এবিষয়ে সুনির্দিষ্ট কোন বিজ্ঞপ্তি জারি করা হয়নি । রাজ্য সরকারের পক্ষ থেকে ইতিমধ্যেই কয়েক দফায় চিনির জন্য কেন্দ্রীয় ভর্তুকী চালু রাখার জোরালো দাবি জানিয়ে চিঠি পাঠানো হয়েছে । যদিও কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে ভর্তুকী চালু রাখার বিষয়ে এখনও কোন নিশ্চয়তা পাওয়া যায়নি । শুধুমাত্র গত ২২.০৩.২০১৭ তারিখে কেন্দ্রীয় খাদ্য জনসংভরণ মন্ত্রণালয়ের অধীন সুগার ডাইরেক্টরেটের পক্ষ থেকে চিনি সরবরাহের যোজনাটি পর্যালোচনা স্তরে আছে বলে জানানো হয়েছে এবং এ বিষয়ে কেন্দ্রীয় সরকার কর্তৃক পরবর্তী নির্দেশিকা জারি করা অবধি অপেক্ষা করতে অনুরোধ করা হয়েছে ।

মার্চ মাসের স্বাভাবিক বরাদ্দ সরবরাহ করার পর রাজ্যের খাদ্য গুদামগুলোতে কিছু পরিমান চিনি (প্রায় ১৮০০ মে.টন) মজুত ছিল, যা দিয়ে চলতি এপ্রিল মাসে বরাদ্দ কিছুটা কমিয়ে সকল শ্রেণীর রেশনকার্ডধারী ভোক্তাদের জন্য মাথাপিছু ৫০০ গ্রাম হারে চিনি সরবরাহ করা হচ্ছে ।

এই অবস্থায় এটা ধারণা করা হচ্ছে যে, কেন্দ্রীয় সরকার একতরফা ভাবে বর্তমান অর্থবর্ষ থেকে গণবন্টন ব্যবস্থায় চিনি সরবরাহের দীর্ঘ প্রচলিত পদ্ধতি বন্ধ করে দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করার দিকে এগিয়ে যাচ্ছে । যার ফলে আগামী মে মাস থেকে রাজ্যে গণবন্টন ব্যবস্থার মাধ্যমে চিনি সরবরাহের প্রক্রিয়া কেন্দ্রীয় ভর্তুকী প্রত্যাহারের জন্য বন্ধ হয়ে যাচ্ছে । প্রসঙ্গত উল্লেখ্য যে, রাজ্য সরকারের পক্ষ থেকে কেন্দ্রীয় ভর্তুকী ছাড়া বর্তমান বিক্রয়মুল্যের ভিত্তিতে চিনি সরবরাহ করতে গেলে মাসে প্রায় ৫.৪২ কোটি টাকা অর্থাৎ বছরে প্রায় ৬৫.০৫ কোটি টাকা ভর্তুকী হিসাবে বরাদ্দ করতে হবে । রাজ্যের সীমিত আর্থিক ক্ষমতার মধ্যে থেকে এই ভর্তুকীর সংস্থান করা অসম্ভব । খাদ্য, জনসংভরণ ও ক্রেতাস্বার্থ বিষয়ক দপ্তর থেকে এই সংবাদ জানানো হয়েছে ।

১৩-১৪ এপ্রিল মানিক্যনগরে গড়িয়া উৎসব ও মেলা

উদয়পুর, ১১ এপ্রিল ।। জমাতিয়া হদা, উদয়পুর মহকুমা প্রশাসন এবং তথ্য ও সংস্কৃতি দপ্তরের যৌথ উদ্যোগে আগামী ১৩ এবং ১৪ এপ্রিল কিল্লা ব্লকের আঠারোভোলা ভিলেজের মানিক্যনগরে গড়িয়া উৎসব ও মেলার আয়োজন করা হয়েছে । উক্ত উৎসবের উদ্বোধন করবেন পর্যটন মন্ত্রী রতন ভৌমিক । প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন গ্রামোন্নয়নমন্ত্রী নরেশ জমাতিয়া । বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বিধায়ক মাধব সাহা । সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন প্রাক্তন হদা অক্রা নব কিশোর জমাতিয়া, রামকৃষ্ণ মিশনের সম্পাদক স্বামী হিতকামানন্দ মহারাজ, আইন সচিব দাতামোহন জমাতিয়া, কিল্লা বি এ সি চেয়ারম্যান ভক্ত সাধন জমাতিয়া, হদা উপদেষ্টাদ্বয় সুচিত্র জমাতিয়া ও অনন্তসখী জমাতিয়া এবং জমাতিয়া হদার মুখপাত্র রত্ন সাধন জমাতিয়া। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন হদা অক্রা পদ্মলীলা জমাতিয়া ।

বিলোনীয়ায় সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির সভা অনুষ্ঠিত

বিলোনীয়া, ১১ এপ্রিল ।। বিলোনীয়া তথ্য ও সংস্কৃতি কার্যালয়ে আজ মহকুমা সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির এক সভা অনুষ্ঠিত হয় । সভায় সভাপতিত্ব করেন বিধায়ক বাসুদেব মজুমদার। উপস্থিত ছিলেন ভারতচন্দ্র নগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান নির্মল ভৌমিক, বিলোনীয়া পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন সুবল রায়, প্রাক্তন চেয়ারপার্সন দীপঙ্কর সেন, বরিষ্ঠ তথ্য আধিকারিক মনোজ দেববর্মা সহ উপদেষ্টা কমিটির অন্যান্য সদস্য সদস্যাগণ । সভায় ২০১৭-২০১৮ অর্থ বছরে তথ্য ও সংস্কৃতি দপ্তরের নানা কর্মসূচীর উপর আলোচনা হয় । মহকুমার বিভিন্ন লোকরঞ্জন শাখার কাজ কর্ম নিয়েও আলোচনা হয় এবং নিষ্ক্রিয় লোকরঞ্জন শাখা পূনর্গঠনের মাধ্যমে লোকসংস্কৃতির চর্চা ও প্রসারে আরো উদ্যোগ নেওয়ার সিদ্ধান্ত হয় । দপ্তরের কর্মসূচী অনুযায়ী আগামী ৩০ মের মধ্যে পঞ্চায়েত ভিত্তিক এবং বিলোনীয়া পুর পরিষদ ভিত্তিক লোকসংস্কৃতি উৎসব সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

This document was created using Smart PDF Converter
To remove this message purchase the product at www.SmartPDFConverter.com